

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 30-09-2024**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, নিজেদের অধিকার সম্পর্কে ভোক্তাদের সচেতন হতে হবে।
- (২) ঝাড়খণ্ডের রাজ্যপাল সন্তোষ কুমার গঙ্গওয়ার এবং কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী অনন্তপূর্ণ দেবী আজ রাঁচি থেকে সারা দেশে এগারো হাজার সক্ষম অঙ্গনওয়াড়ি কেন্দ্রের উদ্বোধন করেন।
- (৩) ত্রিপুরার রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু আজ মিজোরামের ভারপ্রাপ্ত রাজ্যপাল হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন।
- (৪) কিংবদন্তি অভিনেতা মিঠুন চক্রবর্তী দাদাসাহেব ফালকে পুরস্কারে ভূষিত হচ্ছেন।
- (৫) উত্তরপূর্বের প্রথম মহিলা দাবাড়ু হিসেবে দুহাজার আন্তর্জাতিক রেটিং পার করলো রাজ্যের মহিলা আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস।

\*\*\*\*\*

**CM-Rabindra Bhawan :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, নিজেদের অধিকার সম্পর্কে ভোক্তাদের সচেতন হতে হবে। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে খাদ্য, জনসংভরণ ও ক্রেতা

স্বার্থ দপ্তরের উদ্যোগে আয়োজিত রাজ্যভিত্তিক সেমিনার এবং বিদ্যালয় ও কলেজ স্তরে গঠিত কনসিউমার ক্লাব এর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন ভবিষ্যৎ প্রজন্মকে নিজেদের অধিকারগুলি সম্পর্কে সচেতন করতেই বিদ্যালয়, কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে কনসিউমার ফোরাম গঠন করা হচ্ছে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে খাদ্য, জনসং�রণ ও ক্রেতা স্বার্থ দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন এই বছরের ডিসেম্বর মাসের মধ্যে প্রতিটি পুর নিগম এলাকার রেশন দোকানে e-Kyc ভুক্ত ভোক্তাদের মধ্যে PVC কার্ড বিতরণ করা হবে। তাছাড়া নতুন বছরের শুরুতে সারা রাজ্যে এই কর্মসূচি শুরু করা হবে। শ্রী চৌধুরী বলেন সরকার আগামীদিনে গণবন্টন ব্যবস্থাকে আরো জনমুখী করার বিষয়ে ব্যাপারেও চিন্তাভাবনা করছে। মন্ত্রী বলেন কালোবাজারি নির্মূল করতে হলে সবাইকে একসাথে কাজ করতে হবে। তিনি বলেন রাজ্য সরকার এবার প্রথম দুর্গাপূজায় রাজ্যের জনগণকে উপহার হিসেবে ১কেজি চিনি, ৫০০ গ্রাম সুজি ও ২কেজি ময়দা বিনামূল্যে প্রদান করছে। যার জন্য ব্যয় হবে ৬ কোটি ৮৪লক্ষ টাকা। তিনি বলেন রেশন ডিলাররা হলেন গণবন্টন ব্যবস্থার স্তম্ভ। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিতি ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, ত্রিপুরা উচ্চ আদালতের বিচারপতি অরিন্দম লোধ, দপ্তরের অধিকর্তা নির্মল অধিকারী। অনুষ্ঠানে ৩জন ভোক্তার হাতে PVC কার্ড বিতরণের মাধ্যমে এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। তাছাড়া ভোক্তাদের মধ্যে বিনামূল্য চিনি, সুজি ও ময়দা বিতরণ করা হয়। তাছাড়া দপ্তরের ত্রৈমাসিক পত্রিকা ভোক্তা সংবাদের আবরণ উন্মোচন করা হয়।

\*\*\*\*\*

**Saksham Anganwadi :**

ঝাড়খণ্ডের রাজ্যপাল সন্তোষ কুমার গঙ্গওয়ার এবং কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী অনন্পূর্ণা দেবী আজ রাঁচি থেকে সারা দেশে এগারো হাজার সক্ষম অঙ্গনওয়াড়ি কেন্দ্রের উদ্বোধন করেন। রাঁচিতে দেশব্যাপী 'রাষ্ট্রীয় পোষণ মাসের' সপ্তম পর্বের এই অনুষ্ঠানে অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে কেন্দ্রীয় মন্ত্রী অনন্পূর্ণা দেবী বলেন যে পোষণ মাসের উদ্দেশ্য রক্তাল্পতা সচেতনতা, 'পোষণ ভি পড়াই ভি', প্রযুক্তি-ভিত্তিক উদ্যোগ এবং দেশ থেকে অপুষ্টি দূর করার জন্য খাদ্যতালিকাগত ব্যবস্থা। তিনি বলেন, এই আন্দোলনের অধীনে ১১ কোটির বেশি কার্যক্রম রেকর্ড করা হয়েছে। তিনি ঘোষণা করেন যে অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সমস্ত কর্মীদের এখন আয়ুষ্মান ভারত যোজনা প্রকল্পের অধীনে অন্তর্ভুক্ত করা হবে।

এদিকে, ঝারখন্ডের এই অনুষ্ঠান থেকে ভার্চুয়াল ভাবে ধলাই জেলাতেও সক্ষম অঙ্গনওয়াড়ি কেন্দ্রের উদ্বোধন করা হয়। দিব্যাঙ্গ পুনর্বাসন কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে আমবাসা পুর পরিষদের চেয়ারম্যান গোপাল সূত্রধর ও আমবাসা পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন হেমালি দেববর্মা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

#### **Press Meet-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যে শান্তি শৃঙ্খলা বজায় রাখতে ও নাগরিকদের সুরক্ষায় পুলিশকে আইন অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করার নির্দেশ দিয়েছেন। রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আজ আগরতলায় রাজ্য পুলিশের প্রধান কার্যালয়ে এক পর্যালোচনা সভা শেষে সাংবাদিক সম্মেলনে তিনি একথা উল্লেখ করেন। তিনি বলেন, পর্যালোচনা বৈঠকে রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি, অনুপ্রবেশ, মাদক পাচার ও ট্রাফিক ব্যবস্থাপনা সহ বিভিন্ন বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। মুখ্যমন্ত্রী বলেন, কোন নাগরিক থানায় এলে তার প্রতি মানবিক ব্যবহার

করতে হবে। পুলিশের প্রয়াস কর্মসূচি অব্যাহত রাখা এবং আইনি বিষয়ে নাগরিক সচেতনতা গড়ে তুলতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান সরকার নেশা ও মাদকের বিষয়ে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। তিনি বলেন, শারদ উৎসবের দিনগুলি শান্তিপূর্ণ রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে। পর্যালোচনা বৈঠকে মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন সহ প্রশাসন ও আরক্ষা দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

#### **Power Minister :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, আসন্ন শারদ উৎসবের দিনগুলিতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। তিনি বলেন, এবছর শারদ উৎসবে ৪৪০ মেগাওয়াট বিদ্যুৎ ঘোগানের বন্দোবস্ত করা হয়েছে। এর মধ্যে ত্রিপুরার জন্য ৩৯০ মেগাওয়াটের সংস্থান রাখা হবে। বাকী ৫০ মেগাওয়াট বাংলাদেশে সরবরাহ করা হবে। আজ মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা জানান। তিনি জানান, বাংলাদেশে সাধারণত ৭১ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা হয়। তিনও জানান, রাজ্যের অংশ ও সেন্ট্রাল শেয়ার থেকে এই বিদ্যুৎ ঘোগান রাখা হবে। তিনি জানান, সাম্প্রতিক বন্যার সময় অক্লান্ত ভাবে পরিষেবা দেবার জন্য বিদ্যুৎ নিগমের ৪,২৯৪ জন কর্মীকে সরকারের পক্ষ থেকে বিশেষ আর্থিক অনুদান দেওয়া হবে। তিনি জানান, বিদ্যুৎ নিগমের ৫৭৪ জন হেল্পারকে জুনিয়র লাইন ম্যান হিসাবে উন্নিত করারও সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডাব্লিউ. ডাব্লিউ. ডাব্লিউ ডট

নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ও ফেসবুক, প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস এ। ইউ-টিউব-এ আপডেট পাবেন নিউজ-অন-এআইআর-অফিসিয়ালে।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকশ্বাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকশ্বাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **Governor :**

ত্রিপুরার রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু আজ মিজোরামের ভারপ্রাপ্ত রাজ্যপাল হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। রাজধানী আইজলে রাজভবনের দরবার হলে আজ সকালে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লুকে শপথবাক্য পাঠ করান গৌহাটি হাইকোর্টের বিচারপতি জাস্টিস নেলসন সাইলো। শ্রী রেডি নাল্লুকে মিজোরামের রাজ্যপাল হিসেবে অতিরিক্ত দায়িত্ব গ্রহণের জন্য রাষ্ট্রপতি যে আদেশ জারি করেছেন তা পাঠ করেন মিজোরামের মুখ্যসচিব ডঃ রেণু শর্মা। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মিজোরামের মুখ্যমন্ত্রী লালডুহোমা, মিজোরাম বিধানসভার অধ্যক্ষ লালবিয়াকজামা, স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রী কে সাপডাঙ্গা প্রমুখ।

শপথ গ্রহণের পর রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু মিজোরামের মুখ্যমন্ত্রী ও আধিকারিকদের সঙ্গে এক আলোচনাকালে সেখানকার আইন শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে খোঁজখবর নেন।

\*\*\*\*\*

#### **Mission Shakti :**

কেন্দ্রীয় সরকারের মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রকের কর্মধারা "মিশন শক্তি" বিষয়ে এক সেমিনার আজ কৈলাশহর সার্কিট

হাউসের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়। অনুষ্ঠানে তিনি বলেন, মহিলা সশক্তিকরণে সরকারি বহুমুখী কর্মধারা রয়েছে। অপ্রাপ্তবয়স্ক ও বালিকা বিবাহ রোধে জন আন্দোলন তথা ব্যাপক জনসচেতনতা সৃষ্টির উপর তিনি গুরুত্বারোপ করেন। পরিসংখ্যান টেনে তিনি বলেন, রাজ্য গভৰ্বস্থায় প্রতি হাজারে 136 জন মায়ের মৃত্যু হয়। তিনি মাতৃমৃত্যু ও শিশু মৃত্যু ঠেকানোর উপর জোর দেন। এই অনুষ্ঠানে সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উনকোটি জেলার বার্ষিক প্রতিবেদন নয়া প্রবাহ গ্রন্থের আনুষ্ঠানিক প্রকাশ করা হয়। এছাড়া অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা কৃতিত্ব অর্জনকারী কয়েকজন দিব্যাঙ্গ ছাত্র-ছাত্রীদের হাতে শংসাপত্র তুলে দেওয়া হয়। আজকের কর্মসূচিতে উপস্থিত ছিলেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, জেলাশাসক দিলীপ কুমার চাকমা, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক বিদ্যাসাগর দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*

**Mithun, Dada Saheb Phalke :**

কিংবদন্তি অভিনেতা মিঠুন চক্রবর্তী দাদাসাহেব ফালকে পুরস্কারে ভূষিত হচ্ছেন।

আগামী মাসে ৭০তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার অনুষ্ঠানে তাঁকে এই পুরস্কারে ভূষিত করা হবে। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব সামাজিক মাধ্যমে এই খবর জানিয়ে বলেন, কলকাতার রাস্তা থেকে চলচ্চিত্রের সর্বোচ্চ মান পর্যন্ত মিঠুন চক্রবর্তীর অসাধারণ যাত্রা প্রজন্মের পর প্রজন্মকে অনুপ্রাণিত করে। সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময়, শ্রী বৈষ্ণব মিঠুন চক্রবর্তীকে অভিনন্দন জানিয়ে বলেন যে তাঁর জীবন সংগ্রাম এবং অর্জনের সমন্বয়।

সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে মিঠুন চক্রবর্তী এই খবর পেয়ে আনন্দ প্রকাশ করেছেন। তিনি পুরস্কারটি তার পরিবার এবং বিশ্বব্যাপী ভক্তদের উৎসর্গ করেছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি অভিনেতা মিঠুন চক্রবর্তীকে দাদা সাহেব ফালকে পুরস্কারে ভূষিত হওয়ায় অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি, মিঠুন চক্রবর্তীকে ভারতীয় চলচ্চিত্রে তার অতুলনীয় অবদানের স্বীকৃতি দিয়ে মর্যাদাপূর্ণ দাদাসাহেব ফালকে পুরস্কার দেওয়ায় আনন্দ প্রকাশ করেন। প্রধানমন্ত্রী বলেন, মিঠুন চক্রবর্তী একজন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, তিনি তাঁর বহুমুখী অভিনয়ের জন্য প্রজন্মের পর প্রজন্ম ধরে প্রশংসা লাভ করে আসছেন।

\*\*\*\*\*

#### **Air Marshal :**

এয়ার মার্শাল অমর প্রীত সিং আজ নতুনদিল্লিতে ভারতীয় বায়ুসেনার নতুন প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। এর আগে, তিনি ২০২৩ সালের ফেব্রুয়ারি থেকে এয়ার স্টাফের ভাইস চিফ হিসাবে দায়িত্ব পালন করেছিলেন। এয়ার মার্শাল অমর প্রীত সিং এয়ার চিফ মার্শাল ভিআর চৌধুরীর স্থলাভিষিক্ত হলেন। তিনি আর চৌধুরী আজ অবসর নিয়েছেন।

\*\*\*\*\*

#### **Tribal Welfare Minister :**

ট্রাইবেল রিসার্চ অ্যান্ড কালচারেল ইনসিটিউটের উদ্যোগে রাজ্যের ৩৯টি বিভিন্ন জনজাতি সাংস্কৃতিক সংস্থাকে পরম্পরাগত অলঙ্কার, বাদ্যযন্ত্র, নৃত্যের আনুষঙ্গিক সামগ্রী ও পরিধেয় বস্ত্র দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। এই উপলক্ষে আজ সুপারিবাগানস্থিত ট্রাইবেল রিসার্চ অ্যান্ড কালচারেল ইনসিটিউটের অডিটোরিয়ামে এক সংক্ষিপ্ত অনুষ্ঠানে ১৩টি জনজাতি সংস্থাকে বিভিন্ন সামগ্রী প্রদান করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা। তিনি বলেন, এই ধরনের সামগ্রী বিতরণে রাজ্য সরকারের উদ্যোগ জনজাতিদের মধ্যে নিজস্ব সংস্কৃতি সম্পর্কে যেমন সচেতনতা বৃদ্ধি করবে তেমনি রোজগারের বিভিন্ন মাধ্যমও সৃষ্টি করবে।

\*\*\*\*\*

#### **Arshia :**

উত্তরপূর্বের প্রথম মহিলা দাবাড় হিসেবে দুহাজার আন্তর্জাতিক রেটিং পার করলো রাজ্যের মহিলা আন্তর্জাতিক দাবাড় অর্শিয়া দাস। অর্শিয়া বর্তমান রেটিং-এ দাঁড়ায় ২০৩৫। সর্বশেষ দুটি আন্তর্জাতিক আসরে সাফল্যের সুবাদে এই রেটিং অর্জন করে অর্শিয়া।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম, খোয়াই এবং ধলাই জেলার দু এক জায়গায় ভারী বর্ষণের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল আকাশ সাধারণত মেঘাছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ছাবিশ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় আগরতলা বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ৫৩ দশমিক আট মিলিমিটার।

\*\*\*\*\*